



স্মারক নং- ০৫.৩০.৮২০৭.০০১.০৪.০০১.১৪.০২৬.২০- ২১৫

তাং ২৩/০২/২০২১ খ্রিঃ


প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

এতদ্বারা বালিয়াকান্দি উপজেলার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)' উপজেলা পরিষদ, বালিয়াকান্দি' র আওতায় নিম্নবর্ণিত প্রশিক্ষণ ট্রেডে বেকার যুবক/যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হবে। আগ্রহী প্রশিক্ষণার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো-

ক্রমিক নং	প্রশিক্ষণ ট্রেডের বিবরণ	আসন সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	আবেদন পত্র সংগ্রহ ও জমাদান
০১	গ্রামীন যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ড্রাইভিং প্রশিক্ষণ	২০	৩০ দিন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় বালিয়াকান্দি, রাজবাড়ী
০২	বেকার যুব নারীদের ক্ষুদ্র কুটির শিল্প (ক্রিস্টাল দিয়ে শোপিচ তৈরি) বিষয়ক প্রশিক্ষণ	২০	১২ দিন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় বালিয়াকান্দি, রাজবাড়ী
০৩	মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ব্লক বাটিক প্রশিক্ষণ	২০	১২দিন	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় বালিয়াকান্দি, রাজবাড়ী
০৪	যুবকদের উদ্যোক্তা তৈরির লক্ষ্যে এ্যাডভান্স আইসিটি (ফটোশপ, ইলাস্ট্রেটর, এক্সেল) প্রশিক্ষণ	২০	২০ দিন	সহকারী প্রোগ্রামার কার্যালয়, ব্যানবেইস বালিয়াকান্দি, রাজবাড়ী
০৫	সক্ষম প্রতিবন্ধী, স্বামী পরিত্যক্তা এবং বেকার মেয়েদের পাটজাত কুটিরশিল্প তৈরি বিষয়ক প্রশিক্ষণ	২০	১৫ দিন	উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয় বালিয়াকান্দি, রাজবাড়ী

শর্তসমূহ :

০১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বালিয়াকান্দি উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২. আবেদনকারীর বয়স ২৩ ই ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ তারিখে ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে।
০৩. আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ১ ও ৪ নং প্রশিক্ষণের জন্য এসএসসি এবং ২, ৩ ও ৫ নং প্রশিক্ষণের জন্য অষ্টম শ্রেণী পাশ হতে হবে।
০৪. আবেদন পত্রের সাথে সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
০৫. আবেদনপত্র ০৪/০৩/২০২১ ইং বিকাল ৪টার মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে সরাসরি জমা দিতে হবে।
০৬. ৪ নং প্রশিক্ষণে নিজস্ব কম্পিউটার থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
০৭. কোন আবেদনকারী একাধিক প্রশিক্ষণ ট্রেডে আবেদন করতে পারবেন না।
০৮. আবেদনকারীকে অবশ্যই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় তারিখ পরবর্তীতে সংশ্লিষ্ট দপ্তর হতে জানানো হবে।
০৯. আবেদনপত্র বালিয়াকান্দি উপজেলার ওয়েব লিংক- <http://baliakandi.rajbari.gov.bd/> এবং সংশ্লিষ্ট দপ্তর হতে সংগ্রহ করা যাবে।
১০. সফলভাবে প্রশিক্ষণ শেষ করা প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা ও সনদপত্র প্রদান করা হবে।
১১. প্রশিক্ষণার্থী বাছাই/প্রশিক্ষণ বাতিলসহ যাবতীয় ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।


আমিয়া সুবাতানা

উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।